

৫

**১৯৮৭ সালের আলিম ও ফাজিল পরীক্ষার সম্মান সম্পর্কে**

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ১৯৮৭ সালে যে আলিম ও ফাজিল পরীক্ষা নিয়েছেন তা শুনা যাচ্ছে যে একই মান উচ্চ মাধ্যমিক পরীক্ষার সমমানের হবে। কিন্তু দুঃখের বিষয় দুই বছরের ব্যবধান এ দুটি ভিন্নবর্ষী সিলেবাস সমুলিত পরীক্ষাগুলো কি করে একই মানের হবে? ফাজিল পরীক্ষার সিলেবাস আলিম পরীক্ষার সিলেবাসের সাথে কোন মিলই নেই এমনকি আলিম পরীক্ষার সিলেবাস থেকে অনেকটা উন্নত ধরনের। শুনা যাচ্ছে

১৯৮৯ সালের ফাজিল পরীক্ষা স্নাতক পরীক্ষার সমমানের হবে, যদি তাই হয় তবে ১৯৮৯ সালে ফাজিল পরীক্ষার যে সিলেবাস হবে সেই পরীক্ষারই বিশেষ কতকগুলি পরীক্ষা যেমন, বাংলা-ইংরেজী ইত্যাদি পরীক্ষা নিয়ে এবং পাস করা সাপেক্ষে ১৯৮৭ সালের ফাজিল পরীক্ষার ফলাফল অনুসারে স্নাতক পরীক্ষার সমমান দেয়ার বিষয়টি বিবেচনার জন্য বোর্ড কর্তৃপক্ষের নিকট জোর অনুরোধ রইল।

মো: বদিউজ্জামান  
ফাজিল পরীক্ষার্থী, পূবাইল, এফ, ইউ সিনিয়র মাদ্রাসা, গৌরীপুর, ময়মনসিংহ।

**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক**

**শিক্ষা বোর্ডের প্রতি**

উচ্চ মাধ্যমিক শ্রেণী ১৯৮৬-৮৭ শিক্ষা বৎসরের জন্য নতুন আঙ্গিকে ইংরেজী প্রথম পত্রের বোর্ড কর্তৃক যে সিলেবাস নির্ধারিত হয়েছে তাতে প্রশ্নের ধারা সম্পর্কে অস্পষ্টতা রয়ে গেছে। একই অস্পষ্টতা দ্বিতীয় পত্রের দুটি ছোট গল্প এবং তিনটি কবিতার বেলায়ও। বাস্তবে যে সব বই পাওয়া যাচ্ছে এবং সেগুলিতে যে ধারা দেওয়া হচ্ছে তাতে একটার সাথে আরেকটার কোন মিল নেই। অথচ এ বই-গুলোতে বোর্ড কর্তৃক অনুমোদিত এভাবে লেখা থাকে। কলেজ থেকে স্যাররা যে ধারা দিচ্ছেন তাতেও একজনের ধারার সাথে অন্যজনের ধারার আমল রয়েছে, যার ফলে ছাত্রছাত্রীরা বিভ্রান্তির শিকার হচ্ছে। এদিকে ৮৮এর পরীক্ষা অতি সন্নিকটে। আমরা ছাত্র-ছাত্রীরা অন্যান্য বিষয়ের মতো এ বিষয়েও বোর্ড থেকে পরিষ্কার ধারণা আশা করছি।  
কাজী মুগাক, মফিজ, সৈকত, বীনা, শাহীব ফাঁকছড়ি কলেজ, ফটিকছড়ি, চট্টগ্রাম।